25

দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৭

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা ইন ম্যানেজমেণ্ট কোর্সে ভর্তি প্রসঙ্গে

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট নামক প্রাক এমবিএ কোর্সের প্রচলন একটি প্রশংসনীয় উদ্যোগ। তাহা সত্ত্বেও এই কোর্সে ভর্তি সংক্রান্ত কয়েকটি নিয়ম সংশ্লিষ্ট ভর্তিচ্ছুদের ক্ষোভের কারণ হইতেছে। এইরূপ একটি নিয়ম হইতেছে—বাছাই করিয়া প্রার্থী ভর্তি করা। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পাঠদান পদ্ধতি অনানুষ্ঠানিক, অর্থাৎ শিক্ষার্থী ঘরে বসিয়া বই, রেডিও, টেলিভিশন, অডিও-ভিডিও ক্যাসেট ইত্যাদির সহায়তায় নিজেই শিক্ষা গ্রহণ করে। এই হিসাবে ন্যূনতম যোগ্যতাসম্পন্ন যেকোন প্রার্থীরই এই বিশ্ববিদ্যালয়ের যেকোন প্রোগ্রামে অংশগ্রহণ করিতে পারার কথা। কিন্তু বাস্তবে দেখা যাইতেছে সাধারণ বিশ্ববিদ্যালয়ের মতই বাছিয়া বাছিয়া তথাকথিত মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইতেছে। বলা বাহুল্য, ইহা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কনসেপ্ট-এরই বিরোধী।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ন্যূনতম যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের ৫০ টাকার ব্যাংক ড্রাফট জমা দিয়া নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করিতে বলিয়াছে। আবেদনকারীদের মধ্য হইতে নির্দিষ্টসংখ্যক প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্বাচন পদ্ধতির মাধ্যমে নির্বাচিত করা হইবে। তাহাদের নির্বাচন পদ্ধতিটি যে কি তাহা ৫০ টাকা জমা দিয়া ভর্তি ফরম কেনার আগ পর্যন্ত জানার কোন উপায় নাই। ইহা যেন গাধার সামনে মুলা ঝুলাইয়া দৌড়াইতে বাধ্য করা। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রার্থী নির্বাচনের জন্য সাদা কাগজে দরখাস্ত আহ্বান করিয়া নির্বাচিতদের নিকট হইতে উক্ত অর্থ গ্রহণ করিতে পারিতেন।

আমরা এই দুইটি বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য আশা করিতেছি।

—মোঃ জামাল হোসেন, জহুরুল হক হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।